# কুমিল্লা সিটি কর্পোরেশন

নগর ভবন, কুমিল্লা

(cocc.portal.gov.bd)

## কুমিল্লা সিটি কর্পোরেশনের ৯২তম সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : হাবিবুর আল-আমিন সাদী<br>ভারপ্রাপ্ত মেয়র<br>কুমিল্লা সিটি কর্পোরেশন |
| তারিখ | : ২৯/০২/২০২৪খ্রি. |
| সময় | : সকাল ১১.০০ঘটিকা |
| স্থান | : সিটি কর্পোরেশনের অতীন্দ্র মোহন রায় সম্মেলন কক্ষ |

উপস্থিত সদস্যদের নামের তালিকা: পরিশিষ্ট 'ক'

পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। সভাপতি উপস্থিত সংরক্ষিত আসনের সম্মানিত সকল কাউন্সিলর, সাধারণ আসনের সম্মানিত সকল কাউন্সিলর, সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মো: ছামছুল আলম সভার কার্যক্রম পরিচালনা করেন।

০২। আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:** প্রধান নির্বাহী কর্মকর্তা গত ২৪/০১/২০২৪খ্রি. তারিখের সভার কার্যবিবরণী বিস্তারিত পাঠ করে শুনান এবং কারো কোনো আপত্তি/সংশোধনী আছে কি-না জানতে চান। সভার কার্যবিবরণী পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে সভায় উপস্থাপন করা হয়।<br><br>**সংযোজনী:**<br>২৪/০১/২০২৪খ্রি. তারিখের সভার কার্যবিবরণীর আলোচ্যসূচি-০৪ এর সিদ্ধান্ত নং ০৪। 'ড্রেন, খাল উন্নয়ন ও সংস্কারে মৌজা ম্যাপে চিহ্নিত প্রশস্ততা যথাসম্ভব অপরিবর্তিত রাখতে হবে' -এর স্থলে 'ড্রেন, খাল ও রাস্তা উন্নয়ন ও সংস্কারে মৌজা ম্যাপে চিহ্নিত প্রশস্ততা যথাসম্ভব অপরিবর্তিত রাখতে হবে' শব্দগুলো প্রতিস্থাপিত হবে। | ২৪/০১/২০২৪খ্রি. তারিখের সভার কার্যবিবরণীর ওপর কারো কোনো আপত্তি না থাকায় বর্ণিত সংযোজনীসহ উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হলো। | বিভাগ ও শাখা প্রধান(সকল) |
| ০২. | **বিগত সভার সিদ্ধান্তের ওপর গৃহীত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা:** প্রধান নির্বাহী কর্মকর্তা ২৪/০১/২০২৪খ্রি. তারিখের সভার সিদ্ধান্তের ওপর গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। অত:পর এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা ও অগ্রগতি পর্যালোচনা করা হয়। | ০১। সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন কার্যক্রমের জন্য সভায় সন্তোষ প্রকাশ করা হয় এবং যে সকল সিদ্ধান্ত এখনও বাস্তবায়নাধীন ও প্রক্রিয়াধীন রয়েছে সেগুলো দ্রুত নিষ্পত্তির বিষয়ে কার্যকর পদক্ষেপ নেয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>০২। ২৪/০১/২০২৪খ্রি. তারিখের সভার আলোচ্যসূচি নং ০৫ এর ক(ii) সিদ্ধান্ত নং (০২) অটোরিক্সা (মিশুক) লাইসেন্স প্রদান কার্যক্রম কুমিল্লা সিটি কর্পোরেশন উপনির্বাচন-২০২৪ অনুষ্ঠানের পর গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।<br>০৩। ২৪/০১/২০২৪খ্রি. তারিখের সভার আলোচ্যসূচি নং ০৫ এর চ(ii) সিদ্ধান্ত নং ০৯(ii) সিটি কর্পোরেশনের তহবিলে অলস খাতে জমা অর্থ কোনো সরকারি সিডিউল ব্যাংকে ৫.০০(পাঁচ) কোটি টাকা সঞ্চয়পত্র এবং ২.০০(দুই) কোটি টাকা এফডিআর করার জন্য সভায় সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হলো। | বিভাগ ও শাখা প্রধান(সকল) |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>০৩.</td><td><u>মাসিক আয়-ব্যয় বিবরণী উপস্থাপন:</u> প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মো: মাসুদুর রহমান সিটি কর্পোরেশনের বিভিন্ন শাখার রাজস্ব আদায় বিবরণী সম্মানিত সদস্যদের অবহিতির জন্য উপস্থাপন করেন। সভায় রাজস্ব আদায়ের তুলনামূলক তথ্য বিশ্লেষণ ও পর্যালোচনা করা হয়।<br>(ii) জানুয়ারি ২০২৪ মাসের সিটি কর্পোরেশনের রাজস্ব আয় ও ব্যয়ের সারসংক্ষেপ নিম্নরূপ-
<table>
<tr><th>আয়</th><th>ব্যয়</th></tr>
<tr><td>৩,০২,০৪,৫৩৩/-টাকা</td><td>৫,৩৪,৩০,৩৯৩/- টাকা</td></tr>
</table></td><td>রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে মাঠ পর্যায়ে চলমান রাজস্ব আদায় টিমের কার্যক্রম আরও জোরদার করতে হবে।</td><td>প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা<br>প্রধান রাজস্ব কর্মকর্তা</td></tr>
<tr><td>০৪.</td><td><u>উন্নয়ন কর্মকান্ড সংক্রান্ত:</u> সভাপতির অনুমতিক্রমে প্রধান প্রকৌশলী জনাব গৌতম প্রসাদ চৌধুরী চলমান ও সমাপ্তকৃত উন্নয়ন প্রকল্পের (ডিপিপি, এডিপি, ইউডিসিজিপি)অগ্রগতি সভায় উপস্থাপন করেন।<br>বিস্তারিত আলোচনার পর চলমান ও সমাপ্তকৃত প্রকল্পের অগ্রগতি ও গুণগত মান সম্পর্কে সভায় সন্তোষ প্রকাশ করা হয়।<br><br>(ii) <u>ভেরিয়েশন প্রাক্কলন</u>: নির্বাহী প্রকৌশলী নিম্নবর্ণিত ভেরিয়েশন প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br>(ক) (1) Road-166: Construction of RCC Road Sart from Laksam Road Salauddin to Boddo Mondir (2) Road-160: Construction of RCC Drain Sart from Laksam Road Salauddin to Boddo Mondir (3) Road-168: Construction RCC Road at Thakurpara Kali Mondir West Side Goli (4) Drain-162: Construction RCC Drain at Thakurpara Kali Mondir West Side Goli (5) Road-169: Construction Of RCC Road at Thakurpara Madina Mosjid Road to Golam Maoula shaheb House (6) Drain-165: Construction Of RCC Drain at Thakurpara Umme Kulsum Monmon House West Side Goli (7) Road-171: Construction Of RCC Road at Thakurpara Rammala Road to Tapu Shaheb House & (8) Drain-166: Construction Of RCC Drain at Thakurpara Rammala Road to Tapu Shaheb House Under Cumilla City Corporation (Ward No. 08), CUCC/CIDP/2022-2023/PW-036, Tender ID: 749293। উক্ত কাজের প্রাক্কলিত মূল্য- ৩,৪৩,০৬,৪২৪.৮৮/-(তিন কোটি তেতাল্লিশ লক্ষ ছয় হাজার চারশত চব্বিশ টাকা আটাশি পয়সা), চুক্তি মূল্য- ৩,৪২,৩৫,৫৭০.৪১/- (তিন কোটি বিয়াল্লিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার পাঁচশত সত্তর টাকা একচল্লিশ পয়সা) এবং ভেরিয়েশনের প্রাক্কলন মূল্য- ৩,৪২,৩৫,৩২৬/-(তিন কোটি বিয়াল্লিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার তিনশত ছাব্বিশ) টাকা, যা ভেরিয়েশন প্রাক্কলন চুক্তিমূল্যের চেয়ে ৬,৮৪৭/-টাকা কম বা ০.০২% নিম্ন।<br>(খ) (1) Road-125 Construction of RCC Road Start From Goalmothon Sarkar Bari Main Road to Gram Chowara Road, Link-01: Goalmothon Sarkar Bari Road to Prosanto Shaheb, Thakordas, Thakur Bari, Narayan saha, Water Pump, Link-02: Construction of RCC Road at Goalmothon Sarkar Bari Road to Goalmothon Rajapara Connecting Road (2) Drain-121: Construction of RCC Drain Start From Goalmothon- Rajapara Sharok to old Dhaka-Ctg Road Via Eidgah (3) Road-127: Construction of Road Start From Dhaneshaor- Rajapara Road to Medical College Road, Link-01: Dhaneshaor Road to old CTG Road, Link-02: Dhaneshaor- Rajapara Road to Mr. Mintu, Mr. Ariful Islam, Mr. Abdur Rashid, Mr. Golam Kibria Bari Road, Link-03: Dhaneshaor School Road to Noabari Mr. Milon House, Link-04: Dhaneshaor Mosjid Road, Link-05: Boubondh Road to Mr. Yousuf House, Mr. Shafik Mia, Mr. Ruhul Amin, Mr. Harun, Master Bari & Mohon Miar Bari (4) Drain-122 Constraction of RCC Drain Start From Dhaneshwar Road to Old Dhaka-Chittagong Road (5) Road-128 Constraction of RCC Road Start From Dhaneshwar Road to Old Dhaka-Chittagong Road & (6) Road- 126 Constraction of RCC Road Start from Goalmothon Rajapara Road to old Dhaka-Ctg Road Via Eidgah Under Cumilla City Corporation (Ward No. 26), CUCC/CIDP/2022-2023/PW-026, Tender ID: 749291। উক্ত কাজের প্রাক্কলিত মূল্য- ৭,৮৭,০৬,৭৪৯.০৫/- (সাত কোটি সাতাশি লক্ষ ছয় হাজার সাতশত উনপঞ্চাশ টাকা পাঁচ পয়সা মাত্র), চুক্তি মূল্য- ৭,৮৫,০৪,৪৮০.১০/-(সাত কোটি পঁচাশি লক্ষ চার হাজার চারশত আশি টাকা দশ পয়সা মাত্র) এবং ভেরিয়েশনের প্রাক্কলন মূল্য- ৭,৮২,৬২,২৪৫.০৭/-(সাত কোটি বিরাশি লক্ষ বাষট্টি হাজার দুইশত পঁয়তাল্লিশ টাকা সাত পয়সা মাত্র) টাকা যা ভেরিয়েশন প্রাক্কলন চুক্তিমূল্যের চেয়ে ২,১২,০৭১/-টাকা বা ০.২৭% নিম্ন।<br>(গ) (1) (Road-33) Construction of RCC Road at Bagichagao Abdur Rashid Road (2) (Drain-40) Construction of RCC Retaining Wall at Bagichagao mosque pond (3) (Road-38) Construction of RCC Road at Bagichagao Hazi Shirazul Islam Road (End point) (4) (drain-36) Construction of RCC Drain at Bagichagao Abdur Rashid Road (5) (Drain-39) Construction of RCC Drain at Bagichagao Station Road to Mumshi Bari Mosque (6) (Drain-38)</td><td>০১। প্রস্তাবিত ০৬টি ভেরিয়েশন প্রাক্কলন সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী পিপিআর ও প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক কাজ বাস্তবায়নের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো।<br><br>০২। District level Hygienic Slaughter house (কসাইখানা) নির্মাণকল্পে বিদ্যমান কসাইখানার স্থাপনা অপসারণ কাজের জন্য প্রস্তাবিত ১,৭১,৭২১.৭৬/- (এক লক্ষ একাত্তর হাজার সাতশত একুশ টাকা ছিয়াত্তর পয়সা) টাকার প্রাক্কলন অনুমোদনসহ কাজটি নিলাম বিজ্ঞপ্তির মাধ্যমে সম্পাদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>০৩। উন্নয়ন কাজের গুণগত মান ও টেকসই নিশ্চিতে প্রকৌশল বিভাগের সকল কর্মকর্তাকে তদারকি জোরদার করার জন্য অনুরোধ করা হলো।<br><br>০৪। রাজগঞ্জ থেকে চকবাজার ড্রেন নির্মাণ কাজ জটিলতা নিরসন করে কাজটি দ্রুত বাস্তবায়নের জন্য প্রকৌশল বিভাগকে নির্দেশনা প্রদান করা হলো।</td><td>প্রধান প্রকৌশলী<br>নির্বাহী প্রকৌশলী (সকল)<br>সহকারী প্রকৌশলী (সকল)</td></tr>
</table>

কুমিল্লা সিটি কর্পোরেশনের ২৯/০২/২০২৪খ্রি. তারিখের মাসিক সভার কার্যবিবরণী

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | Construction of RCC Drain South Bagichagao Road to Graveyard (7) (Road-35) Construction of RCC Road at South Bagichagao Road to Graveyard & (8) (Road-36) Construction of RCC Road at Bagichagao Station Road to Munshi Bari & Mosque Under Cumilla City Corporation (Ward No-09), **CUCC/CIDP/2022-2023/PW-009, Tender ID: 749279** । উক্ত কাজের প্রাক্কলিত মূল্য ৪,৭৭,৫৬,৫০৫.৫৯/- ( চার কোটি সাতাত্তর লক্ষ ছাপান্ন হাজার পাঁচশত পাঁচ টাকা উনষাট টাকা উনপঞ্চাশ পয়সা মাত্র), চুক্তি মূল্য- ৪,৭৭,৪৫,৬৩৮.৭৯/-(চার কোটি সাতাত্তর লক্ষ পাঁয়তাল্লিশ হাজার ছয়শত আটত্রিশ টাকা উনআশি পয়সা মাত্র) এবং ভেরিয়েশনের প্রাক্কলন মূল্য ৪,৭৭,৪৫,৫৪২.৮৩/- (চার কোটি সাতাত্তর লক্ষ পাঁয়তাল্লিশ হাজার পাঁচশত বিয়াল্লিশ টাকা তিরাশি পয়সা মাত্র) টাকা যা ভেরিয়েশন প্রাক্কলন চুক্তিমূল্যের চেয়ে ৪৭৭/-টাকা কম বা ০.০১% নিম্ন।<br>(ঘ) 1) Developments of Doiara Uttarpara Graveyard, 2) Developments of Durgapur Near Bachu Mia House Graveyard Under Cumilla City Corporation (Ward No-22), 3) Development Grave yard in Changini Near Councilor Alamgir house, 4) Development Grave yard in A) Joypur North Para Haji Norul Islam house side B) Joypur South para Beside of Somitty , 5) Development Grave yard in A) Nondonpur madrasha pond side B) Motpuskni Beside Eidgawn Under Cumilla City Corporation (Ward No-23), 6) Developments of Maddham Ashrafpur Graveyard 7) Developments of Shaktala Southpara Sarder Bari Graveyard Under Cumilla City Corporation (Ward No-21), **CUCC/CIDP/2022-2023/PW-112.4, Tender ID: 778139**। উক্ত কাজের প্রাক্কলিত মূল্য ৩,৩৮,৬৫,৩৪৬.৭৭/-(তিন কোটি আটত্রিশ লক্ষ পঁয়ষট্টি হাজার তিনশত ছেচল্লিশ টাকা সাতাত্তর পয়সা মাত্র), চুক্তি মূল্য- ৩,৩৮,৫৯,৮৩৬.০৬/- (তিন কোটি আটত্রিশ লক্ষ উনষাট হাজার আটশত ছত্রিশ টাকা ছয় পয়সা মাত্র) এবং ভেরিয়েশনের প্রাক্কলন মূল্য ৩,৩৮,৩১,৪৫০.৭৪/- (তিন কোটি আটত্রিশ লক্ষ একত্রিশ হাজার চারশত পঞ্চাশ টাকা চুয়াত্তর পয়সা মাত্র) টাকা যা ভেরিয়েশন প্রাক্কলন চুক্তিমূল্যের চেয়ে ২৭,০৬৫/-টাকা কম বা ০.০৮% নিম্ন।<br>(ঙ) (Road-261) Construction of Bituminous Carpeting on Gomti By pass road start from Amtoli to Jogannath Mondir at Ch. 0+00-10+ CUCC/CIDP/2022-2023/PW-062, **Tender ID: 749295**। উক্ত কাজের প্রাক্কলিত মূল্য ২১,৭৭,৬০,২৪০.৭১/- (একুশ কোটি সাতাত্তর লক্ষ ষাট হাজার দুইশত চল্লিশ টাকা একাত্তর পয়সা মাত্র ), চুক্তি মূল্য- ২১,৭৭,৪৫,৬৪৫.৩৯/-(একুশ কোটি সাতাত্তর লক্ষ পঁয়তাল্লিশ হাজার ছয়শত পঁয়তাল্লিশ টাকা উনচল্লিশ) এবং ভেরিয়েশনের প্রাক্কলন মূল্য ২১,৭৭,২৯,৫৩৪.৮৯/-(একুশ কোটি সাতাত্তর লক্ষ উনত্রিশ হাজার পাঁচশত চৌত্রিশ টাকা উননব্বই পয়সা মাত্র) টাকা যা ভেরিয়েশন প্রাক্কলন চুক্তিমূল্যের চেয়ে ১৬,১১০/-টাকা কম বা ০.০১% নিম্ন।<br>(চ) Construction Work of Ojokhana of Unaishar Shah Abdullah Gazipuri Mazar-Mosque Under Cumilla City Corporation (Ward No. 20), CUCC/ADP/2022-2023/W-50, Tender ID No- 850315 । উক্ত কাজের প্রাক্কলিত মূল্য- ১৭,২৮,০২৪/- (সতেরো লক্ষ আটাশ হাজার চব্বিশ টাকা), চুক্তি মূল্য- ১৭,২৫,৮০২.৯০/- (সতেরো লক্ষ পঁচিশ হাজার আটশত দুই টাকা নব্বই পয়সা) এবং ভেরিয়েশনের প্রাক্কলন মূল্য- ১৭,২৪,২২৮.৮১/-(সতেরো লক্ষ চব্বিশ হাজার দুইশত আটাশ টাকা একাশি পয়সা মাত্র) টাকা যা ভেরিয়েশন প্রাক্কলন চুক্তিমূল্যের চেয়ে ১৫৭৪/-টাকা কম বা ০.০৯% নিম্ন।<br>**(iii)** <u>সিটি কর্পোরেশনের বিদ্যমান Slaughter house স্থাপনা/অবকাঠামো অপসারণ</u>: নির্বাহী প্রকৌশলী জনাব মো: মাঈন উদ্দিন চিশতী জানান, কুমিল্লা সিটি কর্পোরেশন এলাকায় প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক District level Hygienic Slaughter house (কসাইখানা) নির্মাণের জন্য ক্রিস্টালটেক-এনএকে (জেবি) (Crystaltech-NAK(JV),142, Castle Green, Green road, Dhaka উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান নিয়োগ দেওয়া হয়েছে। উক্ত Slaughter house নির্মাণের জন্য ১৭নং ওয়ার্ডের সুজাগঞ্জ মৌজায় সিটি কর্পোরেশনের বিদ্যমান কসাইখানার স্থাপনা/অবকাঠামো অপসারণ করা প্রয়োজন। ইতোমধ্যে ঠিকাদারী প্রতিষ্ঠান ও প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রতিনিধি প্রকল্পের সাইট বুঝিয়ে দেওয়ার জন্য অনুরোধ করেছেন। বিদ্যমান Slaughter houseএর স্থাপনা/অবকাঠামো অপসারণে ১,৭১,৭২১.৭৬/- (এক লক্ষ একাত্তর হাজার সাতশত একুশ টাকা ছিয়াত্তর পয়সা) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তাবিত প্রাক্কলন অনুমোদনের জন্য উপস্থাপন করেন। | | |

CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | **(iv) <u>রাজগঞ্জ থেকে চকবাজার ড্রেনের নির্মাণ কাজ</u>:** সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১৩) কাজী জিয়াউল হক জানান, রাজগঞ্জ থেকে চকবাজার ড্রেনের নির্মাণ কাজ স্থবির ও অসম্পূর্ণ রয়েছে। ড্রেনে মাটি ভরাট হয়ে জলাবদ্ধতা সৃষ্টি করছে। পার্শ্ববর্তী বাড়িঘর, উপাসনালয় ময়লা পানি উঠে জনজীবন বিপর্যস্ত। বিশেষকরে বর্ষা মৌসুমে এটি প্রবল হবে। ঠিকাদার ও সংশ্লিষ্ট কর্মকর্তার দায়িত্বে অবহেলাজনিত এ দুরাবস্থা সৃষ্টি হয়েছে। উল্লিখিত ড্রেন সংস্কারে আশুপদক্ষেপ গ্রহণের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। | | |
| ০৫. | **<u>শাখাভিত্তিক আলোচনা:</u>**<br>**(ক) <u>বর্জ্য ব্যবস্থাপনা</u>:**<br>**(i) <u>মশা ও ডেঙ্গু নিয়ন্ত্রণ</u>:** সভাপতি গত সভার সিদ্ধান্তের অবতারণা করে বলেন যে, মশা নিয়ন্ত্রণে আর্থিক বরাদ্দ বাড়ানো হবে। তবে ওষুধের গুণগত মান, যথাযথ ব্যবহার ও কাজের স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। ওষুধের মজুদ, সংরক্ষণ ও বিতরণ যথাযথ পদ্ধতি বা সফটওয়্যার মাধ্যমে সম্পাদনের প্রস্তাব করেন।<br>**(ii) পরিত্যক্ত পুকুর, ডোবা পরিষ্কার :** সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১৪) জনাব আবুল কালাম আজাদ জানান, শহরের বিভিন্ন এলাকায় হাজা-মজা, পরিত্যক্ত পুকুর, ডোবা-নালার জঞ্জাল শহরের পরিবেশ দূষণ করছে। এসব জলাধার এককালে বর্ষা মৌসুমে বৃষ্টির অতিরিক্ত পানি ধারণে নিয়ামক ছিল। কিন্তু কালক্রমে জবর-দখল, নানান জঞ্জাল ও সংস্কারের অভাবে জলাশয়গুলো মশা প্রজননক্ষেত্র, বিস্তার ও জলবদ্ধতার কারণ হয়ে দাঁড়িয়েছে। তাই শহরের বিভিন্ন এলাকার এসব পুকুর, ডোবা ইত্যাদি জলাশয়ের কচুরীপান, জঞ্জাল পর্যায়ক্রমে পরিষ্কার ও সৌন্দর্যবর্ধনের ব্যবস্থা নিতে সভাপতিকে অনুরোধ জানান। সভাপতি বলেন, কুমিল্লা শহর একসময় চিত্তবিত্তের অভিধায় '**ব্যাংক ও ট্যাংকের শহর**' নামে খ্যাত ছিল। হারানো ঐতিহ্য ফিরিয়ে আনতে আমাদের সকলের প্রতিশ্রুতি ও কার্যকর প্রচেষ্টা জরুরি। পরিচ্ছন্নতা ও সৌন্দর্যবর্ধন খাতে সিটি কর্পোরেশনের বাজেট বরাদ্দ রয়েছে। প্রয়োজনে বরাদ্দ আরও বাড়িয়ে টেন্ডারের মাধ্যমে পুকুর, ডোবা, নালা পরিষ্কার ও সৌন্দর্যবর্ধনের প্রস্তাব করেন। এ লক্ষ্যে শুরুতেই শহরের সকল পুকুর, ডোবা, নালা-নর্দমা ইত্যাদি জলাশয়ের ওয়ার্ডভিত্তিক তালিকা তৈরী করা দরকার। সম্মানিত সকল কাউন্সিলর এ কাজে সহযোগিতা প্রদান করবেন- মর্মে আশাবাদ ব্যক্ত করেন। প্রসঙ্গক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, শহরে সরকারি-বেসরকারি, ব্যক্তি মালিকানাধীন পরিত্যক্ত পুকুর, ডোবা সংখ্যা কম নয়। সিটি কর্পোরেশনের অর্থায়নে এগুলো পরিষ্কার করা দুষ্কর হবে। তাছাড়া পুকুর, ডোবা ইত্যাদি ময়লা-আবর্জনা, কচুরিপানা পরিষ্কার করা ব্যক্তিমালিক বা সত্ত্বাধিকারী বা সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের দায়িত্ব। সিটি কর্পোরেশন কর্তৃক কোনো প্রতিষ্ঠান বা ব্যক্তি মালিকানাধীন পুকুর, ডোবা সংস্কার করা হলে এ বাবত ব্যয়িত অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা ব্যক্তি হতে আদায়যোগ্য। তিনি বলেন, নিজ নিজ দায়িত্বে পুকুর, ডোবা ইত্যাদি পরিষ্কারের জন্য একটি গণবিজ্ঞপ্তি জারী করার প্রস্তাব করেন এবং ব্যত্যয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১৬) জনাব মো: জাহাঙ্গীর হোসেন বাবুল জানান, সংরাইশ সাহেব বাড়ি পুকুর সংস্কারের চাহিদা দেওয়া হয়েছে, কিন্তু পদক্ষেপ লক্ষ্য করা যাচ্ছে না বরং নানানভাবে ভরাট করা হচ্ছে। সংরাইশ সাহেব বাড়ি পুকুর ভরাটরোধ ও সংস্কার ব্যবস্থা নিতে সভাপতিকে অনুরোধ জানান।<br>**(iii)** সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১৭) জনাব হানিফ মাহমুদ জানান, পর্যাপ্ত লেবার সংকটের কারণে ১৭নং ওয়ার্ডের ড্রেন-নালা পরিষ্কার করা যাচ্ছে না। বর্ষা মৌসুমের আগে ড্রেন পরিষ্কারের জন্য এ ওয়ার্ডে লেবার বরাদ্দ বাড়ানোর প্রস্তাব করেন। এ প্রসংগে সভাপতি বলেন, শহরে পরিচ্ছন্নতা অভিযান বা ক্রাশ প্রোগ্রাম চলমান রয়েছে এবং এটি আরও বেগবান করা হবে। এ কর্মসূচির আওতায় ১৭নং ওয়ার্ডসহ বিভিন্ন মহল্লার ড্রেন-নালা-নর্দমা আমূল সংস্কার ও পরিষ্কার করা হবে। | ০১। মশার ওষুধ ক্রয়, মজুদ ও বিতরণসহ সিটি কর্পোরেশনের অন্যান্য লজিস্টিক/মালামালের হিসাব বা ডাটা যতদ্রুত সম্ভব সফটওয়্যারের মাধ্যমে সংরক্ষণের সিদ্ধান্ত গৃহীত হলো। এ লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণকরত: অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সিটি কর্পোরেশনের সচিব ও আইটি কর্মকর্তাকে অনুরোধ করা হলো।<br>০২। শহরে সরকারি-বেসরকারি, ব্যক্তি মালিকানাধীন পরিত্যক্ত পুকুর, ডোবা, নালা-নর্দমা ইত্যাদি জলাশয়ের পতিত বর্জ্য, কচুরিপানা নিজ নিজ দায়িত্বে পরিষ্কার/সংস্কার করার জন্য স্থানীয় পত্রিকায় একটি গণবিজ্ঞপ্তি প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>০৩। শহরে বিভিন্ন ওয়ার্ডের সরকারি-বেসরকারি, ব্যক্তি মালিকানাধীন পরিত্যক্ত পুকুর, ডোবা, নালা-নর্দমা ওয়ার্ডভিত্তিক তালিকা তৈরী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: ৩১ মার্চ ২০২৪ তারিখের মধ্যে উহার এককপি প্রকৌশল বিভাগে প্রেরণের জন্য সম্মানিত সকল কাউন্সিলরকে অনুরোধ করা হলো।<br>০৪। শহরে বিভিন্ন ওয়ার্ডের পরিত্যক্ত পুকুর, ডোবা, নালা-নর্দমা সংস্কার ও সৌন্দর্যবর্ধনে একটি ওয়ার্ডভিত্তিক কর্মপরিকল্পনা ও প্রাক্কলন প্রণয়নের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো। বাজেটে আর্থিক সংস্থান সাপেক্ষে অগ্রাধিকার বিবেচনায় নির্ধারিত পদ্ধতিতে তা বাস্তবায়ন করা যেতে পারে।<br>০৫। মশা ও ডেঙ্গু নিয়ন্ত্রণ কার্যক্রম কার্যকর ও স্বচ্ছতাভিত্তিতে সম্পাদনের লক্ষ্যে সুচিন্তিত মতামতসহ প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপনের জন্য ২৪ জানুয়ারি ২০২৪ তারিখের সভায় গঠিত কমিটিকে পুন: অনুরোধ করা হলো। | কাউন্সিলর (সকল)<br>প্রধান প্রকৌশলী<br>সচিব<br>প্রধান রাজস্ব কর্মকর্তা<br>বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা<br>সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)<br>সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>প্রশাসনিক কর্মকর্তা<br>লাইসেন্স কর্মকর্তা<br>ভান্ডার কর্মকর্তা<br>বাজার কর্মকর্তা<br>ফুড এন্ড স্যানিটেশন কর্মকর্তা (সকল)<br>ওয়ার্ড সচিব(সকল) |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td></td><td>(খ) বিদ্যুৎ শাখা:<br>সভাপতির অনুমতিক্রমে সহকারী প্রকৌশলী জনাব মো: শাইদুল বাসার এলইডি ইস্ট্রিট লাইট ক্রয় সংক্রান্ত নিম্নলিখিত প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br><table><tr><th>ক্রম</th><th>প্রকল্প/কাজের নাম</th><th>প্রাক্কলিত অর্থ</th></tr><tr><td>১.</td><td>৩০০(তিনশত) এলইডি ইস্ট্রিট লাইট ক্রয়</td><td>১৭,১৩,০০০/-</td></tr></table></td><td>০৬। প্রস্তাবিত এলইডি ইস্ট্রিট লাইট ক্রয়ের প্রাক্কলন সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হলো। প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক কোনো রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান হতে উল্লিখিত পণ্য ক্রয় করা যেতে পারে।</td><td></td></tr>
<tr><td></td><td>(গ) প্রশাসনিক বিভাগ:<br>(i) প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, সিটি কর্পোরেশনের সকল কাজে নাগরিক সম্পৃক্ততা বৃদ্ধির জন্য স্থানীয় সরকার বিভাগ প্রণিত সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা ২০২০ অনুযায়ী প্রত্যেক ওয়ার্ডে তিন মাস অন্তর অন্তর WLCC কমিটির সভা অনুষ্ঠানের বাধ্যবাধকতা রয়েছে। এ সভায় আলোচ্যসূচিতে ওয়ার্ডের উন্নয়ন প্রস্তাব ও নাগরিক সুবিধাদির বিষয়াবলী অন্তর্ভুক্ত থাকবে এবং এ সভার সুপারিশের ভিত্তিতে নাগরিক চাহিদা ও উন্নয়ন প্রস্তাবের সামগ্রিক চিত্র পাওয়া যাবে এবং সিটি কর্পোরেশনের বার্ষিক বাজেটে উহার প্রতিফলন ঘটবে। WLCC ও CLCC কমিটি সভা নিয়মিত অনুষ্ঠান হচ্ছে কি-না, তা সরকার কর্তৃক পর্যবেক্ষণ করা হচ্ছে এবং এগুলো মূল্যায়নের ভিত্তিতে সরকার সিটি কর্পোরেশনের বার্ষিক উন্নয়ন বরাদ্দ বিভাজন বিবেচনা করেন। তাই যে সকল ওয়ার্ডে WLCC কমিটি সভা এখনও অনুষ্ঠান হয়নি, অতিদ্রুত সভা অনুষ্ঠান সম্পন্ন করে উহার কার্যবিবরণী ও ছবি সংরক্ষণপূর্বক এককপি নগর ভবনে সচিবের দপ্তরে প্রেরণের জন্য সম্মানিত সকল ওয়ার্ড কাউন্সিলর তথা সভাপতি, WLCC কমিটি-কে অনুরোধ জানান।</td><td>০৭। সকল ওয়ার্ডে WLCC কমিটি ত্রৈমাসিক নিয়মিত সম্পাদনের জন্য সকল কাউন্সিলরকে অনুরোধ করা হলো। সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং ওয়ার্ড সচিব এটি নিশ্চিত করবেন।</td><td></td></tr>
<tr><td></td><td>(ii) সিটি কর্পোরেশনের স্থায়ী কমিটি কার্যবিবরণী অনুমোদন: সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ২৫) সিটি কর্পোরেশনের পানি ও বিদ্যুৎ সংক্রান্ত স্থায়ী কমিটির সভাপতি জনাব মো: এমদাদুউল্লাহ ১৪/০২/২০২৪খ্রি. অনুষ্ঠিত পানি ও বিদ্যুৎ সংক্রান্ত স্থায়ী কমিটি সভার কার্যবিবরণী বিস্তারিত পাঠ করে শুনান এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং স্থায়ী কমিটির সভায় গৃহীত সুপারিশসমূহ সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। সুপারিশসমূহ কাজের গুরুত্ব ও অগ্রাধিকার বিবেচনায় পর্যায়ক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>০৮। সিটি কর্পোরেশনের পানি ও বিদ্যুৎ সংক্রান্ত স্থায়ী কমিটির ১৪/০২/২০২৪খ্রি. অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অনুমোদন করা হলো। সুপারিশসমূহ গুরুত্ব ও অগ্রাধিকার বিবেচনায় পর্যায়ক্রমে বাস্তবায়ন করতে হবে।</td><td></td></tr>
<tr><td></td><td>(iii) সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৬) জনাব মো: আমিনুল ইকরাম জানান বাল্যবিবাহ, একাধিক বিবাহ ইত্যাদি বিষয়ে সমাজে নানান বিরোধের উদ্ভব ঘটে। প্রচলিত বিবাহ রেজিস্টেশন কার্যক্রমে স্থানীয় কাউন্সিলরকে সম্পৃক্ত করা হলে বিবাহ সংক্রান্ত জটিলতা পরিহার সম্ভব হবে। এ লক্ষ্যে বিবাহ রেজিস্টেশন কালে বর/কনে পক্ষের অভিভাবক কর্তৃক স্থানীয় কাউন্সিলর থেকে প্রত্যয়ন গ্রহণের বাধ্যবাধকতা আরোপের প্রস্তাব করেন। এছাড়া সিটি কর্পোরেশন আদর্শ কর তফসিল ২০১৬ অনুযায়ী বিবাহ রেজিস্ট্রেশন ফি আদায়ের বিধান রয়েছে। এতদবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতির মনোযোগ আকর্ষণ করেন। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td><td>০৯। বাল্যবিবাহ, একাধিক বিবাহ ইত্যাদি বিষয়ে সমাজে উদ্ভুত বিরোধ নিরসনকল্পে বিবাহ রেজিস্টেশন প্রক্রিয়ায় বর/কনে পক্ষ কর্তৃক স্থানীয় কাউন্সিলর থেকে প্রত্যয়ন নেওয়ার প্রস্তাব সভায় সর্বসম্মতভাবে গৃহীত হলো। এছাড়া স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর আওতায় প্রণিত সিটি কর্পোরেশন আদর্শ কর তফসিল, ২০১৬ এর বিধান অনুযায়ী বিবাহ/পুন:বিবাহ রেজিস্ট্রেশন ফি আদায় করতে হবে। ম্যারিজ রেজিস্ট্রার কর্তৃক এটি নিশ্চিত করার জন্য জেলা রেজিস্ট্রার, কুমিল্লাকে অনুরোধ জানিয়ে পত্র দিতে সভায় সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td></td></tr>
<tr><td>০৬.</td><td><u>সিটি কর্পোরেশন কর্তৃক ধার্যকৃত কর পুন:মূল্যায়নের জন্য দাখিলীয় আবেদনসমূহের বিষয়ের সিদ্ধান্ত গ্রহণ</u>: প্রধান রাজস্ব কর্মকর্তা জনাব মো: মোস্তাফিজুর রহমান বলেন, ২০১৯-২০২০ অর্থবছরে সম্পাদিত সাধারণ করধার্য(পঞ্চবার্ষিকী জেনারেল এসেসমেন্ট) কার্যক্রমের আওতায় মাঠজরীপে প্রস্তাবিত বার্ষিক মূল্যায়নের ওপর পি-ফরমে গ্রাহকের আপত্তিকৃত প্রায় ২৫০টি আবেদন এখনও অনিষ্পন্ন অবস্থায় রয়েছে। প্রস্তাবিত বার্ষিক মূল্যায়নের ওপর আপত্তিকৃত আবেদন রিভিউ বোর্ড কর্তৃক শুনানিতে বিবেচনাক্রমে নিষ্পন্ন করা হয়। দাখিলীয় আবেদনগুলো নিষ্পন্নের জন্য সম্মানিত সদস্যদের মতামত আহ্বান করেন। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে যে প্রক্রিয়ায় ইতোপূর্বে করধার্য পুন:মূল্যায়নে আপত্তিকৃত আবেদন নিষ্পন্ন করা হয়েছে, অনুরূপভাবে উল্লিখিত আবেদনগুলো দ্রুত নিষ্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>২০১৯-২০২০ অর্থবছরে সম্পাদিত জেনারেল এসেসমেন্ট কার্যক্রমে প্রস্তাবিত বার্ষিক মূল্যায়নের ওপর পি-ফরমে গ্রাহকের আপত্তিকৃত অনিষ্পন্ন আবেদনগুলো ইতোপূর্বে রিভিউ বোর্ড কর্তৃক অর্থাৎ যে প্রক্রিয়া ও পদ্ধতি অবলম্বনপূর্বক করধার্য পুন:মূল্যায়ন করা হয়েছে, অনুরূপভাবে উল্লিখিত আবেদনগুলো দ্রুত নিষ্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে প্রধান রাজস্ব কর্মকর্তা যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।</td><td>প্রধান রাজস্ব কর্মকর্তা<br>এসেসমেন্ট কর্মকর্তা<br>কর আদায় কর্মকর্তা</td></tr>
</table>

CamScanner

কুমিল্লা সিটি কর্পোরেশনের ২৯/০২/২০২৪খ্রি. তারিখের মাসিক সভার কার্যবিবরণী

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৭. | **বিবিধ:** (ক) <u>সিটি কর্পোরেশনের কাউন্সিলরগণের সম্মানিত ভাতা বৃদ্ধি</u>: সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৫) সৈয়দ রায়হান আহমেদ জানান, সরকার সিটি কর্পোরেশনের কাউন্সিলরগণের সম্মানিত ভাতা বৃদ্ধি করেছে। গেজেটের নির্দেশনা অনুযায়ী সম্মানী ভাতা কার্যকরণের অনুরোধ জানান। এ প্রসঙ্গে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মো: মাসুদুর রহমান বলেন, বাংলাদেশ গেজেটে প্রকাশিত স্থানীয় সরকার বিভাগের ১৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপনে কাউন্সিলরগণের সম্মানী ভাতা বৃদ্ধি করে মাসিক ৪০,০০০/-(চল্লিশ হাজার) টাকা পুন:নির্ধারণ করা হয়েছে। গেজেটের নির্দেশনা অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে। | বাংলাদেশ গেজেটে প্রকাশিত স্থানীয় সরকার বিভাগের ১৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের প্রজ্ঞাপন অনুযায়ী কাউন্সিলরগণের সম্মানী ভাতা প্রদানে যথাযথ ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হলো | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯/০২/২৪

হাবিবুর আল-আমিন সাদী
ভারপ্রাপ্ত মেয়র
কুমিল্লা সিটি কর্পোরেশন
ফোন: +৮৮০২৩৩৪৪৩৭০৯
ইমেইল: coccbd@gmail.com

স্মারক নং ৪৬.১৭.১৯.৫০.০১৫.০০.১২৮.২০২২- ৭২৮(১০০)

তারিখ: ২৯/০২/২০২৪খ্রি.

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: উপসচিব, সিটি কর্পোরেশন-১ শাখা)
০২। জনাব/বেগম ..........................................................................কাউন্সিলর...........নং ওয়ার্ড, কুমিল্লা সিটি কর্পোরেশন
০৩। সচিব, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৪। বিভাগ প্রধান (সকল)..................................................................., কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৫। আইটি কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা(সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। শাখা প্রধান (সকল)..................................................................., কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৭। পিএটু মেয়র, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৮। রেকর্ড কিপার, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা (গার্ড ফাইলে সংরক্ষণের জন্য)
০৯। সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল

২৯.০২.২০২৪

মো: ছামছুল আলম
প্রধান নির্বাহী কর্মকর্তা
কুমিল্লা সিটি কর্পোরেশন
ফোন: ০২৩৩৪৪৩৭১০০
মোবাইল: ০১৭১২ ৭৮৯৭১০
samsul22bcs@gmail.com

কুমিল্লা সিটি কর্পোরেশনের ২৯/০১/২০২৪খ্রি. তারিখের মাসিক সভার কার্যবিবরণী

পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সিটি কর্পোরেশনের কাউন্সিলরবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে):

| ক্রমিক | নাম | পদবী |
|---|---|---|
| ১. | বেগম কাউছারা বেগম | সংরক্ষিত আসনের কাউন্সিলর ও মেয়রের প্যানেল সদস্য-০৩ |
| ২. | বেগম নাদিয়া নাসরিন | সংরক্ষিত আসনের কাউন্সিলর |
| ৩. | বেগম উম্মে কুলসুম | ” |
| ৪. | বেগম রুমা আক্তার | ” |
| ৫. | বেগম নূর জাহান আলম(পুতুল) | ” |
| ৬. | বেগম নেহার বেগম | ” |
| ৭. | বেগম ফারহানা পারভীন | ” |
| ৮. | বেগম শাহীন আক্তার | ” |
| ৯. | জনাব গাজী গোলাম ছারোয়ার | সাধারণ আসনের কাউন্সিলর |
| ১০. | জনাব সরকার মাহমুদ জাবেদ | ” |
| ১১. | জনাব মো: নাছির উদ্দিন নাজিম | ” |
| ১২. | সৈয়দ রায়হান আহমেদ | ” |
| ১৩. | জনাব মো: আমিনুল ইকরাম | ” |
| ১৪. | জনাব আব্দুর রহমান | ” |
| ১৫. | জনাব মোহাম্মদ একরাম হোসেন | ” |
| ১৬. | জনাব জমীর উদ্দিন খান জম্পি | ” |
| ১৭. | জনাব হাবিবুর আল-আমিন সাদী | সাধারণ আসনের কাউন্সিলর ও মেয়রের প্যানেল সদস্য-০১ |
| ১৮. | জনাব কাজী জিয়াউল হক | সাধারণ আসনের কাউন্সিলর |
| ১৯. | জনাব মো: রাজিউর রহমান | ” |
| ২০. | জনাব আবুল কালাম আজাদ | ” |
| ২১. | জনাব মো: জাহাঙ্গীর হোসেন বাবুল | ” |
| ২২. | জনাব হানিফ মাহমুদ | ” |
| ২৩. | জনাব মোহাম্মদ শওকত আকবর | ” |
| ২৪. | জনাব মো: আনোয়ার হোসেন | ” |
| ২৫. | জনাব কাজী মাহবুবুর রহমান | ” |
| ২৬. | জনাব মো: আজাদ হোসেন | ” |
| ২৭. | জনাব মো: মহিবুর রহমান | ” |
| ২৮. | জনাব মো: এমদাদুউল্লাহ | ” |
| ২৯. | জনাব মো: আব্দুস সত্তার | ” |
| ৩০. | জনাব মো: আবুল হাসান | ” |

সভায় উপস্থিত সিটি কর্পোরেশনের কর্মকর্তাবৃন্দ(স্বাক্ষরের ক্রমানুসারে):

| ক্রমিক | নাম | পদবী |
|---|---|---|
| ১. | জনাব মো: ছামছুল আলম | প্রধান নিবাহী কর্মকর্তা |
| ২. | জনাব গৌতম প্রসাদ চৌধুরী | প্রধান প্রকৌশলী |
| ৩. | বেগম আশরাফুন নাহার | সচিব |
| ৪. | জনাব মো: মোস্তাফিজুর রহমান | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| ৫. | জনাব মো: মাসুদুর রহমান | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ৬. | জনাব মো: মাঈন উদ্দিন চিশতী | নির্বাহী প্রকৌশলী |

(সম্মানিত কাউন্সিলরবৃন্দ এবং কর্মকর্তাদের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষণ করা হচ্ছে)

CamScanner